

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
মানব সম্পদ উন্নয়ন শাখা  
www.dls.gov.bd

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
২৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০২.১৭.৬০১

বিষয়: ১ (এক) দিন বয়সী প্যারেন্টস্টক মুরগীর বাচ্চা আমদানির অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: আর. আর. পি এগ্রো ফার্মস এর ১৭/০৪/২০২৪ খ্রি. তারিখের আবেদন পত্র।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে Thailand হতে ০১ (এক) দিন বয়সী Cobb Brioler Parent Stock Slow Feather জাতের ১১,৮৫৬ (এগারো হাজার আটশত ছাপান্ন)টি মুরগীর বাচ্চা নিয়ে বর্ণিত শর্তে আগামী ২৭/০৭/২০২৪ খ্রি. তারিখের মধ্যে আমদানি করার জন্য অনুমতি প্রদান করা হলো (পি.আই নং- PI2024-05002, তারিখ: ১৫/০৩/২০২৪):

**শর্তসমূহঃ**

- ১। অনুমোদিত সকল প্যারেন্ট স্টক মুরগির বাচ্চা “সংক্রামক” রোগমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করত: প্রত্যয়ন পত্র আমদানির সময় সঙ্গে প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩ (তিন)টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরধীন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকাতে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল প্যারেন্ট স্টক/গ্র্যান্ড প্যারেন্ট স্টক বিমান যোগে আমদানি করতে হবে এবং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত দেশের ট্রানজিট গ্রহণ করা যাবে না।
- ৫। বাচ্চা আমদানির পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানির পর রপ্তানিকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানীকারক দেশে Notifiable AI দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানি করলে সকল দায় দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যে কোন সময় আমদানি অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবেন।
- ৯। সরকারী নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। মুরগির বাচ্চা দেশে পৌঁছার কমপক্ষে ৭দিন পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকাকে অবহিত করতে হবে।

২৮-০৪-২০২৪

ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঞা  
উপপরিচালক

আর. আর. পি এগ্রো ফার্মস, আড়কান্দি, মূলাডুলি, ঈশ্বরদী, পাবনা (খামার: বহরমপুর, পাঁচবিবি, জয়পুরহাট, বাংলাদেশ)।

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০২.১৭.৬০১/১ (৭)

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
২৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী;

- ২। কমিশনার কান্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা;
- ৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা (রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো);
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জয়পুরহাট (খামার পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো);
- ৫। অফিসার ইনচার্জ, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৬। অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা এবং
- ৭। অফিস কপি, ।



২৮-০৪-২০২৪  
ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঞা  
উপপরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**

- (১) সংশ্লিষ্ট সংযুক্তি